গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
আইন ও প্রশিক্ষণ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২৯.২২.০০৮.১৯.(অংশ-১)-১৭৯

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৭ / ০১ নভেম্বর ২০২০

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত 'পরিসংখ্যান আইন ২০১৩' এর সংশোধনের প্রস্তাবনা বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত 'পরিসংখ্যান আইন ২০১৩' এর সংশোধনের প্রস্তাবনা বিষয়ে গত ২২-১০-২০২০ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০১/১১/২০২০

সুফিয়া আক্তার রুমী
উপসচিব
☏ ৫৫০০৭০৮৯

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৩। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা/বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। পরিচালক (সকল) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৭। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:
০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

০১/১১/২০২০

সুফিয়া আক্তার রুমী
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
আইন ও প্রশিক্ষণ শাখা
www.sid.gov.bd

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত 'পরিসংখ্যান আইন ২০১৩' এর সংশোধনের প্রস্তাবনা বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২২ অক্টোবর, ২০২০ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-২) |
| সভাপতি | : | জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) মুহম্মদ মেসবাহুল আলম 'পরিসংখ্যান আইন ২০১৩' এর সংশোধনের প্রস্তাবনা সভায় উপস্থাপন করার জন্য আইন ও প্রশিক্ষণ শাখার সিনিয়র সহকারী সচিব, মুশতানজিদা পারভীন-কে অনুরোধ করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০১ | লক্ষ্য | **বিদ্যমান ধারার বর্ণনা:** "যেহেতু বাংলাদেশের জনসংখ্যা, কৃষি, শিল্প, জনমিতি, অর্থনীতি, আর্থ-সামাজিক বিষয়াদি, প্রাকৃতিক সম্পদ, পরিবেশ, ইত্যাদি সংক্রান্ত সঠিক ও নির্ভুল পরিসংখ্যান সম্পর্কিত কার্যক্রমকে গতিশীল, সমন্বিত, লক্ষ্যভিত্তিক এবং সংরক্ষণ করার লক্ষ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;"<br><br>**প্রস্তাব:** পরিবেশ শব্দের পর 'জলবায়ু' শব্দটি যোগ করতে হবে। | এই প্রস্তাবটি সম্পর্কে সভাপতি বলেন, পরিবেশের একটি অংশ জলবায়ু। যেহেতু বিদ্যমান আইনে পরিবেশ ইস্যু অন্তর্ভুক্ত রয়েছে সেহেতু 'জলবায়ু' শব্দটি নতুন করে অন্তর্ভূক্ত করার প্রয়োজন নেই। ফলে এ প্রস্তাবটি গ্রহণযোগ্য নয় মর্মে সিদ্ধান্ত নেয়া যেতে পারে। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | ধারা-২ (১) | **বিদ্যমান ধারার বর্ণনা: "উপ-মহাপরিচালক"** অর্থ ব্যুরোর উপ-মহাপরিচালক;<br><br>**প্রস্তাব:** ধারা-২ (১) থাকবে না। | সভাপতি এ প্রস্তাবটি গৃহীত হওয়ার যৌক্তিকতা জানতে চাইলে জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন, যেহেতু উপ-মহাপরিচালক পদের বিষয়টি আইনে উল্লেখ থাকার প্রয়োজন নেই এবং এ বিষয়ে ধারা- ৭(১) ও ৭(২) সংশোধনের প্রস্তাব করা হয়েছে, সেহেতু উপ-মহাপরিচালক এর বিষয়টি | প্রস্তাবটি যুক্তিযুক্ত বিধায় তা গ্রহণ করা যেতে পারে। |

| ক্রমিক নং | নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | | ধারা-২ (১) এ থাকারও প্রয়োজন নেই। এ বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। | |
| ০৩ | ধারা-২ (৩) | **বিদ্যমান ধারার বর্ণনা: "পরিসংখ্যান" অর্থ পরিসংখ্যান বিজ্ঞান** বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণক্রমে শুমারি বা সেন্সাস ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত তথ্য;<br><br>**প্রস্তাব:** জরিপ শব্দের পর 'বা সার্ভে' যুক্ত হবে। | এ বিষয়ে সভাপতি বলেন, সেন্সাস এবং সার্ভে কথাগুলোর প্রয়োজন নেই। তিনি শুমারি ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত তথ্য এভাবে দেয়া যেতে পারে মর্মে উল্লেখ করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার আলোচনায় প্রস্তাবকৃত 'শুমারি ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত তথ্য' এভাবে আইনে উল্লেখ করা যেতে পারে। |
| ০৪ | ধারা-২ (২) ও ধারা-২ (৯) | **এই ধারার উপধারাসমূহের ক্রম পরিবর্তনের প্রস্তাব:**<br><br>ধারা-২ (২) এর অবস্থান ধারা-২ (৯) এর স্থলে ধারা-২ (৯) এর অবস্থান ধারা-২ (২) এর স্থলে স্থানান্তরিত হবে। এছাড়া বিদ্যমান ধারা-২ (১) থাকবে না বিধায় এই ধারার উপধারাসমূহের ক্রম পরিবর্তিত হবে। | উপধারাসমূহের ক্রম/অবস্থান পরিবর্তনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত প্রকাশ করেন। তবে ২(১) বিলুপ্ত হলে (*)ফুটনোটে বিলুপ্ত কথাটি লেখা থাকতে পারে। | ক্রমপরিবর্তনের প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | ধারা-৪ | **বিদ্যমান ধারার বর্ণনা: ব্যুরো প্রতিষ্ঠা-**----এই আইন বলবৎ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নামে একটি ব্যুরো প্রতিষ্ঠা করিবে।"<br><br>**প্রস্তাব:** "এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সংক্ষেপে বিবিএস নামে অভিহিত হবে" শব্দগুলো যুক্ত হবে। | সংক্ষেপে 'বিবিএস' যুক্ত করার প্রয়োজন নেই মর্মে সভাপতি মত প্রকাশ করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | ধারা-৬(ক) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;"<br><br>প্রস্তাব: "ও সময়োপযোগী" শব্দগুলোর পরিবর্তে যথাক্রমে "সময়োপযোগী ও আন্তর্জাতিক মানসম্পন্ন জাতীয়" শব্দগুলো যোগ করতে হবে। | বিদ্যমান ধারা পরিবর্তনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত প্রকাশ করেন এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০৭ | ধারা-৬(খ) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;"<br><br>**প্রস্তাব:** "ও সময়োপযোগী" শব্দগুলোর পরিবর্তে যথাক্রমে "সময়োপযোগী ও আন্তর্জাতিক মানসম্পন্ন জাতীয়" শব্দগুলো যুক্ত হবে। | বিদ্যমান ধারা পরিবর্তনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত প্রকাশ করেন এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৮ | ধারা-৬(ঞ) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;"<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br><br>[পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহার নিশ্চিতকরণ;] | বিদ্যমান ধারা পরিবর্তনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত প্রকাশ করেন এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৯ | ধারা-৭ (১) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "৭। **মহাপরিচালক ও উপপরিচালক** ।------(১) ব্যুরোর একজন মহাপরিচালক ও একজন উপ-মহাপরিচালক থাকিবে।"<br><br>**প্রস্তাব: "ও উপ-মহাপরিচালক"** এবং "ও একজন উপ-মহাপরিচালক" শব্দগুচ্ছগুলো থাকবে না।<br><br>[৭। **মহাপরিচালক** ।----**(১)** ব্যুরোর একজন মহাপরিচালক থাকিবে।] | সভাপতি বলেন, ৭(১), (২) ও (৩) উপধারা একীভূত করে একটি ধারা হতে পারে এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। ধারাটি নিম্নরূপ হতে পারে-<br>ব্যুরোর একজন মহাপরিচালক থাকবেন যিনি প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন ও তার যোগ্যতা, অভিজ্ঞতা ও চাকুরির শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে। | বিবিএস-এর প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ধারা ৭ এর উপধারা (১), (২) ও (৩) একীভূত করা যেতে পারে। |
| ১০ | ধারা-৭ (২) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "মহাপরিচালক ও উপ-মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন ও তাহাদের যোগ্যতা, অভিজ্ঞতা ও চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।"<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br>[মহাপরিচালক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত হইবেন এবং এ পদের যোগ্যতা, অভিজ্ঞতা, চাকরিকাল ও শর্তাদি সরকার কর্তৃক প্রণীত এ সংক্রান্ত | সভাপতি বলেন, ধারাটি ৭ নং ধারার সাথে একীভূত হতে পারে এবং সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। | বিবিএস-এর প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ধারা ৭ এর উপধারা (১), (২) ও (৩) একীভূত করা যেতে পারে। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | নিয়োগ বিধি অর্থাৎ বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারের বিদ্যমান নিয়োগ বিধি দ্বারা নির্ধারিত হইবে।] | | |
| ১১ | ধারা-৭(৩) | **বিদ্যমান ধারার বর্ণনা:**-"মহাপরিচালক ব্যুরোর প্রধান নির্বাহী হইবেন"।<br><br>**প্রস্তাব:** "এবং তিনি রাষ্ট্রের প্রধান পরিসংখ্যানবিদ হিসেবে দায়িত্ব পালন করবেন" শব্দ গুলো যুক্ত হবে।<br>[মহাপরিচালক ব্যুরোর প্রধান নির্বাহী হইবেন এবং তিনি রাষ্ট্রের প্রধান পরিসংখ্যানবিদ হিসেবে দায়িত্ব পালন করবেন।] | সভাপতি বলেন, ধারাটি ৭ নং ধারার সাথে একীভুত হতে পারে এবং সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। | বিবিএস-এর প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ধারা ৭ এর উপধারা (১), (২) ও (৩) একীভূত করা যেতে পারে। |
| ১২ | ধারা-৮(২) | **বিদ্যমান ধারার বর্ণনা:**-মহাপরিচালকের পদ শূন্য হইলে, বা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, উপ-মহাপরিচালক বা সরকার কর্তৃক নিযুক্ত কোন ব্যক্তি অস্থায়ীভাবে মহাপরিচালকের দায়িত্ব পালন করিবেন।"<br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br><br>[মহাপরিচালকের পদ শূন্য হইলে, বা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, এ পদের নিয়োগ বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ ও যোগ্য অব্যবহিত (immediate) নীচের পদের জ্যেষ্ঠ কর্মকর্তাকে সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয় অস্থায়ীভাবে মহাপরিচালকের দায়িত্ব প্রদান করিবে।] | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১৩ | ধারা-৯ | **বিদ্যমান ধারার বর্ণনা:- "৯। কমিটি।**---সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এক বা একাধিক কমিটি গঠন ও উহার কর্মপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।"<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br><br>[৯। **কমিটি ও কাউন্সিলসমূহ।**---- সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এক বা একাধিক কমিটি ও বিশেষ প্রয়োজনে কাউন্সিল গঠন এবং উক্ত কমিটি ও কাউন্সিলসমূহের কর্মপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।] | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৪ | ধারা-১০ | **বিদ্যমান ধারার বর্ণনা: "১০। সরকারি পরিসংখ্যানের বাধ্যতামূলক ব্যবহার।**---যে কোন মন্ত্রণালয়, বিভাগ বা উহাদের অধীনস্থ দপ্তর, অধিদপ্তর বা সংস্থার পরিসংখ্যান সংক্রান্ত কর্মকান্ডে সরকারি পরিসংখ্যান বাধ্যতামূলকভাবে ব্যবহৃত হইবে।"<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br>**"১০। সরকারি পরিসংখ্যানে বাধ্যতামূলক ব্যবহার।—**<br>সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ বা উহাদের অধীনস্থ দপ্তর, অধিদপ্তর, ব্যুরো বা সংস্থাসমূহের নিজ নিজ পরিসংখ্যান সংক্রান্ত কর্মকান্ডে সরকারি পরিসংখ্যান বাধ্যতামূলকভাবে ব্যবহার করিতে হইবে।" | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৫ | ধারা-১২(১) | **বিদ্যমান ধারার বর্ণনা:**<br>"১২। **ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষকে তথ্য প্রদানের দায়বদ্ধতা, ইত্যাদি।**--- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ব্যুরোর চাহিদা অনুযায়ী যে কোন ব্যক্তি, সংস্থা , প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উহাদের নিকট সংরক্ষিত তথ্য, ইত্যাদি ব্যুরোকে প্রদান করিতে বাধ্য থাকিবে।"<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে- | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | "১২। **ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষকে তথ্য প্রদানের দায়বদ্ধতা, ইত্যাদি**।--- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ব্যুরোর চাহিদা অনুযায়ী যে কোন ব্যক্তি, সংস্থা , প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উহাদের নিকট সংরক্ষিত তথ্য, ইত্যাদি ব্যুরোর প্রতিনিধিকে যথাযথভাবে প্রদান করিতে বাধ্য থাকিবে।" | | |
| ১৬ | ধারা-১৩ | **বিদ্যমান ধারার বর্ণনা:**<br>"১৩। **প্রবেশ ইত্যাদি ক্ষমতা**।----এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, অন্যান্য আইনের বিধানাবলী ও যথাযথভাবে অবহিতকরণ সাপেক্ষে, মহাপরিচালক বা তৎকর্তৃক সাধারন বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত **ব্যুরোর কোন কর্মকর্তা বা কর্মচারী** এই আইন বা বিধির অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন করিবার উদ্দেশ্যে কোন রেকর্ড, রেজিস্টার, দলিল বা এতদসংশ্লিষ্ট কোন গুরুত্বপূর্ণ তথ্য পরীক্ষা, যাচাই বাছাই বা সংগ্রহ করিবার জন্য কোন ভবন বা স্থানে প্রবেশ করিবার অধিকারী হইবেন এবং সংশ্লিষ্ট ভবন বা স্থানের মালিক বা কর্তৃপক্ষ চাহিত তথ্য প্রদানে বাধ্য থাকিবে।"<br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br>"১৩। **প্রবেশ ইত্যাদি ক্ষমতা**।---- এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, অন্যান্য আইনের বিধানাবলী ও যথাযথভাবে অবহিতকরণ সাপেক্ষে, মহাপরিচালক বা তৎকর্তৃক সাধারন বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত **ব্যুরোর কোন কর্মকর্তা বা কর্মচারী বা ব্যক্তি** এই আইন বা বিধির অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন করিবার উদ্দেশ্যে কোন রেকর্ড, রেজিস্টার, দলিল বা এতদসংশ্লিষ্ট কোন গুরুত্বপূর্ণ তথ্য পরীক্ষা, যাচাই বাছাই বা সংগ্রহ করিবার জন্য কোন ভবন বা স্থানে প্রবেশ করিবার অধিকারী হইবেন এবং সংশ্লিষ্ট ভবন বা স্থানের মালিক বা কর্তৃপক্ষ চাহিত তথ্য নির্ভুলভাবে প্রদানে বাধ্য থাকিবে।" | সভাপতি জানান 'ব্যক্তি' শব্দটি লেখার দরকার নাই কিন্তু চাহিত সঠিক তথ্য প্রদানে বাধ্য থাকিবে। পরিবর্তিত প্রস্তাবটি আসতে পারে। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১৭ | ধারা-১৪(১) | **বিদ্যমান ধারার বর্ণনা:** "১৪। প্রশিক্ষণ একাডেমী।-----(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার পরিসংখ্যান বিষয়ক এবং উহার সহিত সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা ও অন্যান্য কার্যক্রম গ্রহণের লক্ষ্যে, প্রয়োজনে, প্রশিক্ষণ একাডেমী প্রতিষ্ঠা করিতে পারিবে।"<br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br>"১৪। **প্রশিক্ষণ একাডেমী**।-----(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার জাতীয় পরিসংখ্যান বিষয়ক এবং উহার সহিত সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গবেষণা ও অন্যান্য কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয় এর অধীন প্রয়োজনে স্বতন্ত্র প্রশিক্ষণ অ্যাকাডেমী প্রতিষ্ঠা করিতে পারিবে।" | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৮ | ধারা-১৫ | **বিদ্যমান ধারার বর্ণনা:** "১৫। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ।---- ব্যুরো উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে।"<br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে-<br>"১৫। **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ** ।---- ব্যুরো উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকরীর শর্তাবলী স্ব-স্ব বিধি দ্বারা নির্ধারিত হইবে।" | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৯ | ধারা-১৭ | **বিদ্যমান ধারার বর্ণনা:**<br>"১৭ । **অবগতিমূলক কর্মসূচি**।---- ব্যুরো উহার কার্যাবলী, কার্যপদ্ধতি ও প্রতিবেদন সম্পর্কে জনসাধারণকে সম্যক অবহিত করিবার লক্ষ্যে যথাযথ কর্মসূচি গ্রহণ করিবে।<br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে- অংশীজনদের সম্যক অবহিত করিবার লক্ষ্যে প্রচার। | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রমিক নং | ধারা নং | বিদ্যমান ধারার বর্ণনা এবং বিবিএস কর্তৃক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত প্রস্তাব | সভায় আলোচনা | সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২০ | ধারা-১৮ | **বিদ্যমান ধারার বর্ণনা:**<br>**"১৮। অপরাধ ও শাস্তি** ।--- কোন ব্যক্তি এই আইনের ধারা ১৩ এর বিধান লংঘন করিলে, তিনি এই আইনের অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিনি অনধিক ১(এক) মাস কারাদন্ড বা অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবেন।<br><br>**প্রস্তাব:** ধারাটি পরিবর্তিত হয়ে নিম্নরূপ হবে- অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবেন এবং প্রতিষ্ঠান হইলে অনধিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা অর্থদন্ডে দন্ডিত হইবে। | বিদ্যমান ধারাটি সংশোধনের প্রয়োজন নেই মর্মে সভাপতি মত পোষণ করেন এবং অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত প্রকাশ করেন। | প্রস্তাবটি যুক্তিযুক্ত নয় বিধায় তা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২১ | নতুন ধারা-২৯ সংযোজন | **নতুন ধারা-২৯ সংযোজনের প্রস্তাব:**<br><br>"২৯। **আন্তর্জাতিক মান বজায় রাখা** ।----- জাতীয় পরিসংখ্যান প্রণয়নের ক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আন্তর্জাতিক পর্যায়ে প্রচলিত সর্বশেষ বা হালনাগাদ নিয়মনীতি, সংজ্ঞা ও ধারনা ইত্যাদি বিষয়সমূহ প্রতিপালন করবে। এক্ষেত্রে United Nations Statistics Division (UNSD) কর্তৃক প্রণীত বিবিএস এর জন্য প্রযোজ্য গাইডলাইনসমূহ অনুসরণ করিবে।" | সভাপতি বলেন, প্রস্তাবটি একটি Functional বিষয়। এটিকে আইনে যুক্ত করার প্রয়োজন আছে কিনা, বিষয়টি অধিকতর যাচাই-বাছাই করার জন্য ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি সেল) কে নির্দেশনা প্রদান করেন। | আপাতত প্রস্তাবটির প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

**সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে নিম্নরূপ নির্দেশনা/পরামর্শ প্রদান করেনঃ**

০৩। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রেরিত 'পরিসংখ্যান আইন ২০১৩' এর সংশোধনের প্রস্তাবনা বিস্তারিত আলোচনায় যেসব বিষয়ে যৌক্তিকতা রয়েছে সেগুলি সংশোধন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৪। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

"পরিসংখ্যান আইন, ২০১৩" সংশোধনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত প্রস্তাবনার বিষয়ে সভার হাজিরা

তারিখ: ২২-১০-২০২০

| ক্র: নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) এবং কার্যালয় | মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মাহমুদা আখতার<br>অতিরিক্ত সচিব (সমন্বয়) | | [signature] ২২/১০/২০২০ |
| ০২ | মোহাম্মদ [illegible]<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) | | [signature] 22/10/20 |
| ০৩ | মোহা: [illegible]<br>যুগ্মসচিব, SID | 01711083947 | [signature] 22/10/2020 |
| ০৪ | মোহাম্মদ তাজুল ইসলাম<br>মহাপরিচালক<br>বিবিএস | ০২৯১২২২৫৫৬৫৪ | [signature] 22/10/2020 |
| ০৫ | ড. মো. [illegible]<br>হোসেন<br>JS/ Director BBS | 01716768075 | [signature] |
| ০৬ | [illegible]<br>অতি: সচিব (প্র:) | | [signature] 22/10/2020 |
| ০৭ | মো: মুজিবুল<br>ইসলাম, DS, SID | 01716-263946<br>jewelislam2007@gmail.com | [signature] 22/10/2020 |
| ০৮ | জেসমিন আক্তার<br>DS, SID | 01727750168<br>Jasminbdpost@gmail.com | [signature] 22/10/2020 |
| ০৯ | জাহানারা রহমান<br>উপ-সচিব, SID | 01552446775<br>jahanararahmaneco@gmail.com | [signature] 22/10/2020 |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

“পরিসংখ্যান আইন, ২০১৩” সংশোধনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত প্রস্তাবনার বিষয়ে সভার হাজিরা

তারিখ: ২২-১০-২০২০

| ক্র: নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) এবং কার্যালয় | মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | নূরজাহান<br>উপসচিব, SID | 01731488347 | |
| ১১ | মোসা: কামরুন্নাহার<br>DS, SID | 01715024832 | |
| ১২ | কবির উদ্দিন আহমেদ<br>পরিচালক, বিবিএস | 01711022636 | |
| ১৩ | মোঃ মাসুদ আলম<br>পরিচালক, বিবিএস | 01712-105769<br>mashud2003@yahoo.com | |
| ১৪ | আলাউদ্দিন আল আজাদ<br>পরিচালক, বিবিএস | 01712843330<br>alauddin0270@yahoo.com | |
| ১৫ | মহিউদ্দিন আহমেদ<br>উপপরিচালক | 01711952333 | |
| ১৬ | মোঃ নূরুল আলম<br>যুগ্ম সচিব SID | 01715635110 | |
| ১৭ | [illegible] সুব্রত<br>উপমহাপরিচালক, বিবিএস | 01712122136 | |
| ১৮ | দিপংকর রায়<br>উপসচিব, SID | 01732363030<br>dr.roy.rd@gmail.com | |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

"পরিসংখ্যান আইন, ২০১৩" সংশোধনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রেরিত প্রস্তাবনার বিষয়ে সভার হাজিরা

তারিখ: ২২-১০-২০২০

| ক্র: নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) এবং কার্যালয় | মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৯ | মো: দিলদার হোসেন<br>উপসচিব | 01715301843<br>dilderbbsbd@gmail.com | [signature] 22.10.2020 |
| ২০ | আবুল কালাম আজাদ<br>পরিচালক | 01726880438<br>azadbbs@yahoo.com | [signature] 22/10/2020 |
| ২১ | মো: জাহিদুল হক সরদার<br>পরিচালক | 01759958578<br>hoquesardarbbs@gmail.com | [signature] 22/10/2020 |
| ২২ | সুফিয়া আক্তার রুমী<br>উপসচিব<br>SID | 01716307723<br>sufiarumi@gmail.com | [signature] 22/10/2020 |
| ২৩ | জিয়াউদ্দীন আহমেদ<br>পরিচালক | 01552411302<br>ziaubd@yahoo.com | [signature] 22/10/2020 |
| ২৪ | মুস্তানজিদা সাবরীন<br>সিনিয়র সহকারী সচিব<br>SID | 01777553539<br>nopur16590@gmail.com | [signature] 22-10-2020 |
| ২৫ | | | |
| ২৬ | | | |
| ২৭ | | | |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য